গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নলছিটি, ঝালকাঠি।
www.nalchity.jhalakhati.gov.bd

স্মারক নং ০৫.১০.৪২৭৩.০০০.০৫.০০৪.২৩- ৬৭

তারিখ ঃ ১২ মাঘ, ১৪২৯
২৬ জানুয়ারি, ২০২৩

# " হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হাট-বাজার ইজারা পদ্ধতি ও ব্যবস্থাপনা সংক্রান্ত সর্বশেষ নীতিমালা মোতাবেক নলছিটি উপজেলার হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত এক বছরের জন্য টোল আদায়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। ইজারার দরপত্র/সিডিউল নিম্নস্বাক্ষরকারীর অফিস, উপজেলা ভূমি অফিস,নলছিটি/ জেলা প্রশাসকের কার্যালয়ের এল.জি শাখা/ নলছিটি থানা (পুলিশ ষ্টেশন)/ সোনালী ব্যাংক, নলছিটি শাখা থেকে তালিকার ৫নং কলামে বর্ণিত নির্ধারিত মূল্যে এবং ৬নং কলামে উল্লেখিত সময়সূচী মোতাবেক ক্রয়পূর্বক নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ও জেলা প্রশাসকের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে জমা করা যাবে।

| ক্রঃনং | হাটবাজারের নাম | ১৪২৯ সালের মূল্য | ১৪৩০ সালের সরকারি মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ১ | ভৈরবপাশা হাট | ২৫০০০ | ২৫৫৮১ | ৫০০ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখঃ ১৯.০২.২০২৩ অফিস চলাকালীন সময়।<br>দরপত্র জমার তারিখ ঃ ২০.০২.২০২৩ দুপুর ১২:০০মিঃ পর্যন্ত।<br>দরপত্র খোলাও বাছাইয়ের তারিখ ঃ ২০.০২.২০২৩ বিকাল ৩:০০ঘটিকা।<br><br>২য় ডাক ঃ (১ম ডাকে সিদ্ধান্ত গৃহীত না হলে)<br>দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ঃ ১৫.০৩.২০২৩ অফিস চলাকালীন সময়<br>দরপত্র জমার তারিখ ঃ ১৬.০৩.২০২৩ দুপুর ১২:০০মিঃ পর্যন্ত।<br>দরপত্র খোলা ও বাছাইয়ের তারিখ ঃ ১৬.০৩.২০২৩ বিকাল ৩:০০ ঘটিকা<br><br>৩য় ডাক ঃ (২য় ডাকে সিদ্ধান্ত গৃহীত না হলে)<br>দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ঃ ০৫.০৪.২০২৩ অফিস চলাকালীন সময়।<br>দরপত্র জমার তারিখ ঃ ০৬.০৪.২০২৩ দুপুর ১২:০০মিঃ পর্যন্ত।<br>দরপত্র খোলা ও বাছাইয়ের তারিখঃ ০৬.০৪.২০২৩ বিকাল ৩:০০ঘটিকা<br><br>৪র্থ ডাক ঃ (৩য় ডাকে সিদ্ধান্ত গৃহীত না হলে)<br>দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ঃ ২৬.০৪.২০২৩ অফিস চলাকালীন সময়।<br>দরপত্র জমার তারিখ ঃ ২৭.০৪.২০২৩ দুপুর ১২:০০মিঃ পর্যন্ত।<br>দরপত্র খোলা ও বাছাইয়ের তারিখঃ ২৭.০৪.২০২৩ বিকাল ৩:০০ঘটিকা<br><br>৪র্থ ডাকে সিদ্ধান্ত গৃহীত না হলে পরবর্তী প্রত্যেক সপ্তাহের প্রতি বৃহস্পতি বার দুপুর ১২:০০মিঃ দরপত্র গ্রহণ<br>খোলা ও বাছাই বিকাল ৩:০০ ঘটিকা |
| ২ | ষাইটপাকিয়া হাট | ১০৮০০০ | ১১৪৯৭৫ | ১০০০ | |
| ৩ | আমিরাবাদ হাট | ৪০০০০ | ৪৩১০৭ | ৫০০ | |
| ৪ | শ্রীরামপুর হাট | ৫৩১০০ | ৫৪১৬৬ | ৫০০ | |
| ৫ | আখরপাড়া হাট | ৪৬০০০০ | ৪৫২২৬৭ | ১৬০০ | |
| ৬ | পাওতা হাট | ২০০০ | ২০৬৭ | ৫০০ | |
| ৭ | তেতুলবাড়িয়া হাট | ১২৫০০ | ১২৫৪৩ | ৫০০ | |
| ৮ | নিউমার্কেট | -- | ১০০০ | ৫০০ | |
| ৯ | হদুয়া হাট | ৫০০০০ | ২২২৯৫ | ৫০০ | |
| ১০ | ভেরনবাড়িয়া হাট | -- | ১০০০ | ৫০০ | |
| ১১ | নলবুনিয়া খেয়াঘাট হাট | -- | ১০০০ | ৫০০ | |
| ১২ | নেয়ামতপুরা হাট | -- | ১০০০ | ৫০০ | |
| ১৩ | তালতলা হাট | ৩২৯০০০ | ৩২০৪৭৩ | ১৪০০ | |
| ১৪ | নলবুনিয়া হাট | ১০০০ | ১০০০ | ৫০০ | |
| ১৫ | সেওতাহাট | -- | ১০০০ | ৫০০ | |
| ১৬ | মানপাশা হাট | ৭০৫০১৫ | ৭৩৯৪৫৩ | ২২০০ | |
| ১৭ | কুমারখালী হাট | ২৭৫০০ | ২৯০৬৬ | ৫০০ | |
| ১৮ | দপদপিয়া হাট(ফেরীঘাটসহ) | ৩৭৩৩০ | ৪৮৭০০ | ৫০০ | |
| ১৯ | নাচনমহল হাট | ৪৮০০০০ | ৪৫৯৩৩৩ | ১৬০০ | |
| ২০ | টেকেরহাট | ২১০০০০ | ২১০২৩৩ | ১২০০ | |
| ২১ | ভবানীপুর হাট | -- | ১০০০ | ৫০০ | |
| ২২ | সিকদারহাট | ১০০০ | ১০০০ | ৫০০ | |
| ২৩ | মোল্লার হাট | ১৫০০০ | ১৫২১৫ | ৫০০ | |
| ২৪ | পোলেরহাট | ১০০০ | ১০০০ | ৫০০ | |
| ২৫ | গোচরা হাট | ১৭৩১০ | ১৩২৯৩ | ৫০০ | |

## -ঃ শর্তসমূহ ঃ-

০১। বাংলা ১৪৩০ সালের ১লা বৈশাখ ১৪৩০ সালের ৩০ শে চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট বা পে অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা থেকে ২৫% টাকা ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% টাকা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গৃহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট(মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে কম হয় তাহলে কাঙ্ক্ষিত দর (বিগত ৩ বছরের গড় ইজারা মূল্যে) না পাওয়া পর্যন্ত ৬নং কলামে উল্লেখিতমতে পর্যায়ক্রমিক ডাক গ্রহণ করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা।

০৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত রেইট মোতাবেক টৌল আদায় করতে হবে। বিনারশিদে টৌল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টৌলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারিবেননা।
১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে ।
১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।
১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৬। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/০১/২৩

জান্নাত আরা নাহিদ
উপজেলা নির্বাহী অফিসার
নলছিটি, ঝালকাঠি।

স্মারক নং ০৫.১০.৪২৭৩.০০০.০৫.০০৪.২৩-৬৭

তারিখ ঃ ১২ মাঘ, ১৪২৯ / ২৬ জানুয়ারি, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০০-০১। জেলা প্রশাসক, ঝালকাঠি।
০০-০২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি।
০০-০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝালকাঠি।
০০-০৪। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নলছিটি।
০০-০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নলছিটি থানা।
০৬-১৫। চেয়ারম্যান.................................................ইউ.পি(সকল), নলছিটি। বহুল প্রচারের জন্য।
১৬-৩৫। উপজেলা ...........................................................অফিসার, নলছিটি। বহুল প্রচারের জন্য।
০০-৩৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, নলছিটি শাখা।
০০-৩৯। সভাপতি, প্রেসক্লাব, নলছিটি।
৪০-৪৭। ইউনিয়ন ভূমিসহকারী কর্মকর্তা,................................................ইউনিয়ন ভূমি অফিস(সকল)। তার আওতাধীন সংশ্লিষ্ট হাট- বাজারে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
৪৮-৬৮। জনাব ...........................................................ইজারাদার.............................হাট, বাংলা ..............সন।
৬৯-৮৯। সভাপতি/সম্পাদক...........................................হাট-বাজার।
৯০-৯৯। নোটিশ বোর্ড/ নলছিটি পৌরসভা/নলছিটি থানা/নলছিটি সদর পোষ্ট অফিস/সাব রেজিস্ট্রার অফিস/নলছিটি বাসষ্ট্যান্ড/নলছিটি লঞ্চঘাটসহ বিভিন্ন জনবহুল স্থান।
০০-১০০। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
নলছিটি, ঝালকাঠি।